

প্রথম আলো

তারিখ . . . . . 5. MAR. 2009 . . . . .  
খ্রী . . . . . কলাম . . . . .

## চুয়েটে ছাত্রলীগের দুই পক্ষে সংঘর্ষ, ১০ ছাত্র আহত

সাত দিনের জন্য ক্যাম্পাস বন্ধ ঘোষণা

চুয়েট প্রতিনিধি

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (চুয়েট) গতকাল বুধবার ছাত্রদের দুই পক্ষের মধ্যে সংঘর্ষ হয়েছে। এতে অসুস্থ ১০ ছাত্র আহত হয়েছেন। একটি ব্যানার ছেঁড়াকে কেন্দ্র করে এ সংঘর্ষ বাধে বলে জানা গেছে। এ সময় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর উপস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে বার্ষিক জীভা প্রতিযোগিতার অনুষ্ঠান চলছিল। সংঘর্ষে আহত দুই পক্ষই ছাত্রলীগের প্রতিনিধিত্বের সঙ্গে জড়িত।

এ ঘটনার পর গতকাল সন্ধ্যায় হেজিষ্টার মোঃ ওয়াহেদুজ্জামান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বিশ্ববিদ্যালয় সাত দিনের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। তিনি বলেন, প্রতি সেমিস্টারের মাঝামাঝি এক সপ্তাহের একটি বন্ধ থাকে। সংঘর্ষের কারণে সে বন্ধটাই এখন দেওয়া হয়েছে। এ সময় ক্লাস-পরীক্ষা বন্ধ থাকবে। তবে শিক্ষার্থীরা জ্ঞান, বুদ্ধির সময় এখনো হয়নি।

সংঘর্ষে আহত হন চতুর্থ বর্ষের আদর, রনি, রবিউল ও অনিম; তৃতীয় বর্ষের তুহিন, রনি, সৌরভ ও আবু বকর; দ্বিতীয় বর্ষের গৌরব, প্রথম বর্ষের সুরক্ষিত। তাদের প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয় ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, গতকাল চুয়েটের বার্ষিক জীভা প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান ছিল। প্রধান অতিথি ছিলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী ড. হাসান মাহমুদ।